

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২১৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. তৃতীয় অনুচ্ছেদ - রাতের সালাতে যা পড়তেন

আরবী

وَعَن ربيعَة بن كَعْب الْأَسْلَمِيّ قَالَ: كُنْتُ أَبِيتُ عِنْدَ حُجْرَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكُنْتُ أَسْمَعُهُ إِذَا قَامَ مِن اللَّيْل يَقُول: «سُبْحَانَ رب الْعَالمين» الْهَوِي ثُمَّ يَقُولُ: «سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ» الْهَوِيِّ. رَوَاهُ النَّسَائِيُّ وَلِلتِّرْمِذِيِّ نَحْوُهُ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيح

বাংলা

১২১৮-[৮] রবী'আহ্ ইবনু কা'ব আল আসলামী (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কামরার নিকট রাত্র কাটিয়েছি। আমি তাঁর কণ্ঠস্বর শুনতে পেতাম। তিনি রাতে তাহাজ্জুদের সালাতের জন্যে সজাগ হলে বেশ লম্বা সময় পর্যন্ত ''সুবহা-না রব্বিল 'আ-লামীন'' পাঠ করতেন। তারপর আবার লম্বা সময় ''সুবহা-নাল্ল-হি ওয়াবি হামদিহী'' পড়তেন। (নাসায়ী; তিরমিয়ী অনুরূপ বর্ণনা করে বলেছেন, হাসান সহীহ)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ১৬১৮, আহমাদ ১৬৫৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের বর্ণনাকারী রবী'আহ্ ইবনু কা'ব ইবনু মালিক, ইনি আহাবী, আহলে সুফ্ফা বা বারান্দাবাসী ছিলেন। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খাদেম ছিলেন। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রাত্রিতে পঠিত দু'আ শিক্ষার জন্য তার ঘরের দরজার কাছে রাত যাপন করতেন, সেই সুযোগে তিনি রাত্রিতে তার পঠিত দু'আগুলো শুনেছেন। অত্র হাদীসে সেই দু'আসমূহের একটি দু'আ বিধৃত হয়েছে। এ দু'আ তিনি দীর্ঘ সময় পাঠ করেছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন